

ডুবেই গেছি কবে  
সর্বানী মুখোপাধ্যায়

একটা কাগজ, একটু কালি, একটুকরো হাসি --  
ভালবাসি - তাই তো আসি।

একটা পাতা, ধূসর সবুজ,  
অনেকখানি কান্না

কষ্ট হলে, ভাবতে থাকি, অনেক হল আরনা  
মাঝ আকাশে, একলা ভেসে আছি

রোদমাখা রঙ মেঘের কোলে

আর আছে এক স্মৃতির রঙে রঞ্জিত হওয়া বিষন্নতা - সে  
এইবারে আর চোখদুটোকে খোলে।

হাতের কাছে হাতভরা সেই মেঘটা ছিল --

ছড়িয়ে দু হাত, নিতে চাইল বুক

আমিও কেমন, পাগল হয়ে মিশে গেলাম সুখে।